



বিআইডব্লিউটিএ

বিশেষ নৌ-সতর্কীকরণ বিজ্ঞপ্তি নং-০২/২০১৭

তারিখঃ ২২/০১/২০১৭ ইং।

এতদ্বারা সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ সকল নৌ-অপারেটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Dredging and Marking Connecting river (Kajal-Tetulia river route) কাজটি সম্পাদনের জন্য গত ২৮ জুন ২০১৬ তারিখে পায়রাবন্দর ও বাংলাদেশ নৌ-বাহিনীর নৌ-কল্যান পরিদপ্তর এর মধ্যে এক চুক্তি স্বাক্ষরিত হয়। সে অনুযায়ী বাংলাদেশ নৌ-বাহিনী ড্রেজিং কাজ শুরু করে। কাজের ধারাবাহিকতায় ইতোমধ্যে পায়রা হতে ঢাকা পর্যন্ত নৌ-রুটে কয়েকটি স্থানের ড্রেজিং কাজ সম্পন্ন করা হয়েছে। বর্তমানে বরিশাল জেলার হিজলা নৌ-রুট এলাকায় বাংলাদেশ নৌ-বাহিনী কর্তৃক ড্রেজিং কাজ শুরু করা হবে। এ লক্ষ্যে নিয়োজিত ড্রেজার ও পাইপ লাইন বর্ণিত এলাকায় ড্রেজিং পূর্ব প্রস্তুতি গ্রহণ করেছে। কাজল-তেতুলিয়া নদীর নৌ-রুটে হিজলা এলাকার ড্রেজিং কার্য সুষ্ঠুভাবে সম্পাদন এবং নৌ-দূর্যটনা এড়ানোর লক্ষ্যে ড্রেজিং কাজে নিয়োজিত/ব্যবহৃত ড্রেজার, পাইপ, ড্রেজিং-সহায়ক নৌ-যান ইত্যাদির সাথে সংঘর্ষ এড়িয়ে সাবধানতার সাথে নৌ-যান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

- * নৌ-পথে ঘন কুয়াশাছন্ন আবহাওয়া বিরাজমান থাকলে নৌ-যান নিরাপদ স্থানে ভিড়িয়ে বিশেষ সতর্কতা অবলম্বন করুন।
- * কর্তৃপক্ষের পাইলটসহ বিশেষ সতর্কতার সাথে নৌ-যান পরিচালনা করুন।

পরিচালক
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বাআনৌপক, ঢাকা।